# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন কোন সরকারী চাকুরীজীবী সরকারী মাল (তেল, ঔষধ, খনিজ পদার্থ ইত্যাদি) লুকিয়ে বিক্রি করে। সরকারী মাল এভাবে বিক্রি করা কি বিধ?সেই মাল কিনা ও কি বৈধ?

অবশ্য তাদের এমন আমানতে খেয়ানত বৈধ নয়। মহান আল্লাহ বলেছেন,

“হে বিশ্বাসীগণ! জেনে শুনে আল্লাহ ও তার রাসুলের সাথে বিশ্বাস ভঙ্গ করো না এবং তোমাদের পরস্পরের আমানত (গচ্ছিত দ্রব) সম্পর্কেও নয়।” (আনফালঃ ২৭)

দ্বিতীয়ত এ কাজ অসদুপায়ে ওপরের মাল ভক্ষণের শামিল। তবে আল্লাহ বলেছেন,

“হে বিশ্বাসীগণ! তোমরা একে অন্যের সম্পত্তি অন্যায় ভাবে গ্রাস করো না। তবে তোমাদের পরস্পর সম্মতিক্রমে ব্যবসার মাধ্যমে (গ্রহণ করলে তা বৈধ)। (নিসাঃ ২৯)

আর এমন মাল চুরির জেনেশুনে ক্রয় করা বৈধ নয়, বিনামূল্যে নেওয়াও বৈধ নয়। যেহেতু তা চুরির মাল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2240

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন